রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ২৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৭, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৪৯—৫৬৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৩৭—৯৬০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯৭—৩৪০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৩৭—৯৪৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২/১০ জুলাই ২০২৫

**নং ০৩.০০.০০০০.০৭৩.২২.০০১.২৫-৮৪**—জাতীয় লজিস্টিক্স পলিসি ২০২৪ পর্যালোচনাপূর্বক সংশোধনের নিমিত্ত নিম্নবর্ণিত কমিটি গঠন করা হল:

**সভাপতি**

(১) সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়

(৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

২। কমিটির কার্যপরিধি:

(ক) বর্ণিত কমিটি জাতীয় লজিস্টিক্স পলিসি ২০২৪ পর্যালোচনাপূর্বক এর সংশোধনের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মীর তায়েফা সিদ্দিকা**
পরিচালক-৬ (প্রতিকল্প)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৫ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-২৮৬**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১(১)(ঙ) অনুযায়ী জনাব নুরে আলম-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে বোর্ডে তাঁর যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩০.০০.০০০০.০০০.০১৩.৯৯.০০২০.২০.১৮৬**—বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ এর ১৭ ধারা মোতাবেক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণাধীন হ্যাংগার, হ্যাংগার সংলগ্ন অফিস ভবনের এয়ারলাইন্স/প্রতিষ্ঠানের জন্য ইজারামূল্য আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

ইজারার হার: টাকা

| অর্থ বছরভিত্তিক ইজারামূল্যের নির্ধারিত হার (প্রতি বর্গফুট/মাসিক) | | | | |
|---|---|---|---|---|
| ১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ | ১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৬ | ১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ | ১ জুলাই ২০২৭ হতে ৩০ জুন ২০২৮ | ১ জুলাই ২০২৮ হতে ৩০ জুন ২০২৯ |
| ৫০ | ৫৫ | ৬০ | ৬৫ | ৭০ |

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ২৬-০৬-২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.০০০.১৪৩.৯৯.০০০২.২১.৩৪ নং পত্রের নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন গত ১ জুলাই ২০২৪ খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

৩। ০৫ (পাঁচ) বছর সমাপ্ত হওয়ার ০৬ মাস পূর্বে পুনরায় ভাড়া/ইজারামূল্য পুনর্নির্ধারণের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। আদায়কৃত ভাড়া সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে জারীকৃত "কর-বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue) বা এনটিআর এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non-NBR Tax Revenue) বা নন-এনবিআর কর রাজস্ব সংগ্রহ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা-২০২৪" অনুসরণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ শাকিলা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**বিআরটিএ সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০২০.০৬.০৪১.২১-২৭৩**—সড়ক পরিবহণ আইন, ২০১৮ এর ধারা ৩৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাস মিনিবাসের ক্ষেত্রে ২০ (বিশ) বছর এবং ট্রাক, কাভার্ডভ্যান প্রভৃতি মালবাহী মোটরযানের ক্ষেত্রে ২৫ (পঁচিশ) বছর ইকোনমিক লাইফ নির্ধারণ করল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ১ জুলাই ২০২৫ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২২ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৭০.২২.২৪৪**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১০৮১৭ ক্যাপ্টেন তাওছিফ হুসাইন, আর্টিলারি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯০**—যেহেতু, জনাব মোঃ আল ইমরান হোসেন, বিপি-৮৮১৭১৯৫২৪৭, সহকারী পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর বিরুদ্ধে জনাব আরিফা আক্তার গোধূলী বিজ্ঞ আমলী আদালত, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম, যৌতুক নিরোধ আইন ২০১৮ এর ৩ ধারায় সিআর মামলা নং ১৮৫/২০২০ (কুড়িগ্রাম) দায়ের করেন। বিজ্ঞ আদালত মামলাটিতে গত ১৪-০২-২০২১ তারিখে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ইস্যু করেন। পিআরবি ১০০ মোতাবেক তার বিরুদ্ধে ফৌজদারি মোকদ্দমা দায়ের ও গ্রেফতারি পরোয়ানা ইস্যুর বিষয়টি তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করার নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি কর্তৃপক্ষকে অবহিত করেননি।

সেহেতু, জনাব মোঃ আল ইমরান হোসেন, বিপি-৮৮১৭১৯৫২৪৭, সহকারী পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯(২) ধারার বিধান অনুযায়ী ১৪-০২-২০২১ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৩**—যেহেতু, জনাব মিশু বিশ্বাস, পিপিএম-বার, (বিপি-৯০১৪১৬৬২২৭), অতিরিক্ত পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, জামালপুর কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২৬-১০-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

সেহেতু, জনাব মিশু বিশ্বাস, পিপিএম-বার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ২৬-১০-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৪**—যেহেতু, জনাব এস. এম জাহাঙ্গীর হাছান, বিপিএম-বার, পিপিএম (বিপি-৮৬১২১৪৭৬২৬), অতিরিক্ত পুলিশ সুপার, নৌ পুলিশ, টাঙ্গাইল অঞ্চল-কে এ বিভাগের গত ০৩-১০-২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০৮.০০১.২৪.১৫১৪ নম্বর প্রজ্ঞাপনমূলে থাইল্যান্ডে হৃদরোগ-জনিত ফলোআপ চিকিৎসার জন্য ১৫ দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত কর্মকর্তা চিকিৎসার উদ্দেশ্যে গত ০৮-১০-২০২৪ তারিখ অপরাহ্ণে কর্মস্থল ত্যাগ করেন। উক্ত ১৫ দিনের বহিঃ বাংলাদেশ ছুটি শেষে তার গত ২৩-১০-২০২৪ তারিখ কর্মস্থলে যোগদানের দিন ধার্য ছিল। কিন্তু তিনি গত ২৩-১০-২০২৪ তারিখে সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসারত থেকে মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত আরো ৬০ দিন বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি বৃদ্ধির জন্য ই-মেইলে আবেদন করেন, যা এ বিভাগের স্মারক নং ৪৪.০০.০০০০..০৯৪.০৮.০০১.২৪.১৬৭৮, তাং ০৮-১২-২৪ তারিখ মূলে না-মঞ্জুর করা হয়। উল্লেখ্য, কর্মস্থলে হাজির হওয়ার জন্য উক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় ২ বার নোটিশ জারি করা হলেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করে বিদেশে অবস্থান করছেন।

সেহেতু, জনাব এস. এম জাহাঙ্গীর হাছান, বিপিএম-বার, পিপিএম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ২৩-১০-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৫**—যেহেতু, জনাব শাহ আলম মোঃ আখতারুল ইসলাম, পিপিএম (বিপি-৮৫১৩১৫৯৪৯৫), অতিরিক্ত পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, সিলেট কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২৬-১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব শাহ আলম মোঃ আখতারুল ইসলাম, পিপিএম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ২৬-১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৬**—যেহেতু, জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, বিপিএম, পিপিএম (বার), (বিপি-৭৬০৬১১৩৯৬২), সাবেক পুলিশ সুপার এটিইউ, ঢাকা ও বর্তমানে রেঞ্জ ডিআইজি কার্যালয়, বরিশালে সংযুক্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ০১-০১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন বিপিএম, পিপিএম (বার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ০১-০১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০০**—যেহেতু, জনাব মোঃ মাসুদুর রহমান মনির, বিপি-৮৩১২১৪৭৭০৭, অতিরিক্ত পুলিশ সুপার, ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার, সিপিএসসি, র‌্যাব-৮, বরিশাল কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৩-১১-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ মাসুদুর রহমান মনির-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ১৩-১১-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০১**—যেহেতু, জনাব গোলাম মোস্তফা রাসেল বিপিএম-সেবা পিপিএম (বার) (বিপি-৭৬০৬১১৭৬০০), সাবেক পুলিশ সুপার নারায়ণগঞ্জ ও বর্তমানে রেঞ্জ ডিআইজির কার্যালয়, বরিশালে সংযুক্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ০১-০১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব গোলাম মোস্তফা রাসেল বিপিএম-সেবা পিপিএম (বার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ০১-০১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০২**—যেহেতু, জনাব হাসানুজ্জামান মোল্যা (বিপি-৮৩১০১২৬৯৩২), অতিরিক্ত পুলিশ সুপার (সুপারনিউমারি পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), ডিআইজি এপিবিএন (পার্বত্য জেলাসমূহ) এর কার্যালয়, রাঙ্গামাটি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১২-০২-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব হাসানুজ্জামান মোল্যা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১২-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০৩**—যেহেতু, জনাব মোহাম্মদ ইমরুল, বিপি-৮৯১৮২২০৫২৮, সহকারী পুলিশ সুপার, ৮ এপিবিএন, উখিয়া, কক্সবাজার কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ২৮-০১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোহাম্মদ ইমরুল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ২৮-০১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০৪**—যেহেতু, জনাব রুবাইয়াত জামান, পিপিএম-সেবা (বিপি-৮৬১২১৪৭৭৪২) অতিরিক্ত পুলিশ সুপার, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, সুনামগঞ্জ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২৯-০১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব রুবাইয়াত জামান, পিপিএম-সেবা -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ২৯-০১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০৫**—যেহেতু, জনাব এস. এম. শামীম (বিপি-৮৪১৪১৬৬২৮৬), সাবেক অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৮-০৯-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

সেহেতু, জনাব এস. এম. শামীম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ১৮-০৯-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**সঞ্চয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩২/১৯ মে ২০২৫

**নং ০৮.০০.০০০০.০০০.০৪১.২৭.০০০৫.২৫.২১**—যেহেতু মিজ অপর্ণা সূত্রধর, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, পঞ্চগড় ( প্রাক্তন সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চট্টগ্রাম) এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

০২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করে;

০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ (১) অনুযায়ী মিজ অপর্ণা সূত্রধর, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস ব্যুরো, পঞ্চগড় (প্রাক্তন সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, চট্টগ্রাম)-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান**, এফসিএমএ
সচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/১৫ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০০০.০৩৮.৬৭.০০০৬.২৩.১৫০**—জনাব বুলেট বৈরাগী, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা, খাদ্য অধিদপ্তর এর "খাদ্য পরিদর্শক" পদ হতে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারি ও ভ্যাট অনুবিভাগে "সহকারী রাজস্ব কর্মকর্তা" হিসেবে যোগদান করায় বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি ৪২ (২) এবং বিধি-৩০০ (বি) অনুযায়ী তার মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (২৪-০১-২০১৯ হতে ১৪-০৯-২০২৪) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

শর্তসমূহ:

(ক) পূর্ব পদে চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/১৭ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০০০.০৩৮.৬৭.০০০১.২৫.১৫২**—জনাব মোহাম্মদ আব্দুল্লাহ আল মুকিত, সহকারী কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শিক্ষা ক্যাডারের প্রভাষক (রসায়ন) পদ হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারী) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সিভিল সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি ৩০০(বি) অনুযায়ী তাঁর মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (০৪-১২-২০২২ হতে ১৪-০১-২০২৫ খ্রি.) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

(ক) পূর্ব পদে চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**রাজস্ব ভবন**

**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/২৫ জুন, ২০২৫ খ্রি.।

**নং ৮৬/২০২৫/কাস্টমস ১১৩**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-১২৫/কাস-এসবিডব্লিউ/১৯৮৪, তারিখ : ২০-০৮-১৯৮৪ খ্রি.] নামীয় ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৭২/২০২৫/কাস্টমস/ ৬৫৫, তারিখঃ ২৮-০১-২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রদত্ত প্রাপ্যতার মেয়াদ প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ৩০ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদ আমদানি পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

**নং ৮৭/২০২৫/কাস্টমস ১১৪**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিবিএস ডিউটি ফ্রি শপ, সোনামসজিদ স্থল শুল্ক স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ (বন্ড লাইসেন্স নং-০১/কাস পিবিডব্লিউ/২০১৫, তারিখ : ২৮-১০-২০১৫ খ্রি.) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং ৭৫/ ২০২৫/ কাস্টমস/৭৩৬, তারিখ : ২৬-০২-২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য প্রদত্ত প্রাপ্যতার মেয়াদ প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ৩০ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদ আমদানি পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

তারিখ : ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৫ খ্রি.।

নং ৮৮/২০২৫/কাস্টমস ১১৫।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স ঢাকা ওয়্যার হাউস লিমিটেড (বন্ড লাইসেন্স নং-৭/কাস-এসবিডব্লিউ/৮১, তারিখ-১১-০৪-১৯৮১ খ্রি.) নামীয় ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৭৪/২০২৫/কাস্টমস/৬৭০, তারিখ ০২-০২-২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রদত্ত প্রাপ্যতার মেয়াদ প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদ আমদানি পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

**নং ৮৯/২০২৫/কাস্টমস ১১৬**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হিলি স্থল বন্দর, হাকিমপুর, দিনাজপুরে অবস্থিত মেসার্স হক ট্রেডার্স (বন্ড লাইসেন্স-০৬/কাস-এসবিডব্লিউ ২০১৪, তারিখ ২৫-১১-২০১৪ খ্রি.) নামীয় শুল্কমুক্ত বিপণী এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৪০,০০০.০০ |
| ২ | কসমেটিকস্ ও টয়লেট্রিজ সামগ্রী | ১৫,০০০.০০ |
| ৩ | খাদ্যদ্রব্য, ইলেকট্রনিক্স ও অন্যান্য | ১৫,০০০.০০ |
| | সর্বমোট | ৭০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আল আমিন**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১১.২৪.১৩১**— রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ (৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চর নাজিরপুর (১ম খণ্ড) | ৩০ | ৫৪৪ | ২ | পাবনা সদর | পাবনা |
| ০২ | চক ভোমরা | ৬১ | ৬৭ | ১ | পাবনা সদর | পাবনা |

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭১.১৯.১৩৪**।—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ (৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নরপতি | ৫১ | ২০৭০ | ০৪ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ০২ | গোবর খোলা | ১৬৩ | ২১৮০ | ০৪ | চুনারুঘাট | হবিগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
যুগ্মসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.৩৪.০০১.২৫-৯১**—কারা বিধির ১ম খণ্ডের ৫৬৯ নং বিধি মোতাবেক নিম্নবর্ণিত ৫৬ (ছাপ্পান্ন) জন কয়েদির অবশিষ্ট কারাদণ্ড ফৌজদারি কার্যবিধি ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক মওকুফ করা হলো:

| ক্র. নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|---|
| ১. | কয়েদি নং-১৮০৪/এ মোঃ জুয়েল<br>পিতা-ইউসুফ মিয়া<br>বয়স-৪৫ বছর | দায়রা মামলা নং-১২৪/২০০৫ ফতুল্লা থানার মামলা<br>৩৯ (৫) ০৪ | কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার |
| ২. | কয়েদি নং-২২১৪/এ ফরহাদ হোসেন শেখ<br>পিতা-ইদ্রিস শেখ<br>বয়স-৪৪ বছর | দায়রা মামলা নং-১৫০/০৪ জিআর-১২৭/০১, ভাংগা থানার মামলা নং ১২ (১১) ০১ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর |
| ৩. | কয়েদি নং-৫৭৫৪/এ মোঃ ইমান উদ্দিন @ পটল<br>পিতা-মোঃ এলেম কারীকর<br>বয়স-৫১ বছর | দায়রা ৯৩/০৩ নগরকান্দা জিআর-১১০/০২ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর |
| ৪. | কয়েদি নং-৫৮৫১/এ কোরবান আলী @ লিটন<br>পিতা-ফজলুল হক<br>বয়স-৩৯ বছর | দায়রা মামলা নং-২৮/০৩ জিআর-৫৯/০২, লক্ষীপুর থানার মামলা নং-২৬(১) ০২, | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর |
| ৫. | কয়েদি নং-৭৯৩৮/এ তপন<br>পিতা-লাল মিয়া<br>বয়স-৪৪ বছর | দ্রুত বিচার মামলা নং-০৬/০৫, শ্যামপুর থানার মামলা নং-২৫ (৮) ০১ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর |
| ৬. | কয়েদি নং-৮৫২৩/এ  মোঃ জাহাঙ্গীর হোসেন<br>পিতা-মৃত আঃ জলিল<br>বয়স-৫৭ বছর | সেসন মামলা নং-১৪৭/০২, রায়পুরা থানার মামলা নং-১৩ (৩) ০২ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুর |
| ৭. | কয়েদি নং-২১৬/এ  রোকেয়া<br>স্বামী-কাওছা @ গফুর<br>বয়স-৭৪ বছর | দায়রা মামলা নং-৯/২০০১, জিআর-৯১ (২) ৯৭, দূগাপুর থানার মামলা নং ১১(৮)৯৭ | কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর |
| ৮. | কয়েদি নং-৯৯৯/এ সাজেদা বেগম<br>পিতা-মোঃ হবিবুর রহমান ওরফে নাইট্যা মিয়া<br>বয়স-৫৭ বছর | নারী ও শিশু মামলা নং-৩৬৪/২০০৩, জিআর নং-৩৬৪(২)২০০৩, টাঙ্গাইল থানার মামলা নং-১৯(৮)২০০৩ | কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর |
| ৯. | কয়েদি নং-২২৪/এ খালেদা<br>স্বামী-আমজাদ হোসেন, পিতা-আবুল খায়ের<br>বয়স-৪৯ বছর | দায়রা মামলা নং-৪৮/০৪, ঝিনাইগাতী থানার মামলা নং-৩(৮)২০০৩ | কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর |
| ১০. | কয়েদি নং-৭৯৯৬/এ বাদশা মিয়া<br>পিতা-মৃত শমসর আলী<br>বয়স-৬১ বছর | দায়রা মামলা নং-৪৯/১৯৯২ জিআর মামলা নং-০৭/১৯৮৯ বিশ্বনাথ থানার মামলা নং-০৩, তাং-১৩-০৩-১৯৮৯ | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১১. | কয়েদি নং-২০৪৫/এ, জামাল উদ্দিন @ জামাল<br>পিতা-আব্দুর রহমান<br>বয়স-৩৯ বছর | মহামান্য হাইকোর্টের ক্রিমিনাল আপীল নং-২৯১/২০০৮, দায়রা-৫৭/৯৭, জিআর-৬৪/৯৬, গোয়াইনঘাট থানার মামলা নং- | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১২. | কয়েদি নং-৭৩৩৫/এ নওশাদ আলী<br>পিতা-মৃত রশিদ আলী<br>বয়স-৬২ বছর | দায়রা-৪৩/৯৩, জিআর-১৬/৯২, গোলাপগঞ্জ থানার মামলা নং-২, তারিখ : ০৪-০২-৯২ | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১৩. | কয়েদি নং-২৩০৪/এ শিমন সিং<br>পিতা-মনি সিং<br>বয়স-৪৭ বছর | দায়রা-২৬০/০২, জিআর-৭২৫/০২, ক্রিমিনাল আপীল নং-২৮৪/০৩, | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১৪. | কয়েদি নং-৬৪১৩/এ শামীম আহমদ<br>পিতা-মৃত কুটিমিয়া<br>বয়স-৪৩ বছর | দায়রা-২৭৯/০২, জিআর-৫৭/০২, দক্ষিণ সুরমা থানার মামলা নং-১৯(৪) ০২ | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১৫. | কয়েদি নং-৮১৬২/এ মিন্নত আলী<br>পিতা-আদ্দক আলী<br>বয়স-৫২ বছর | দায়রা-৮৩/৯৯, জিআর-৮৩১/৯৮ | সিলেট কেন্দ্রীয় কারাগার |

| ক্র. নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|---|
| ১৬. | কয়েদি নং-৩১১৭/এ আবদুল মোকতাদির @ মোকতাদির<br>পিতা-আঃ মান্নান @ আকল মিয়া<br>বয়স-৫১ বছর | সেসন ১৭৭/২০০০, জিআর-১৬১/৯৯ | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১৭. | কয়েদি নং-৮৫৭৬/এ মুজিবুর রহমান<br>পিতা-ইছহাক আলী<br>বয়স-৬১ বছর | দায়রা-৪৪/২০, জিআর-৪১/৯৮, জামালগঞ্জ থানার মামলা নং-০৩ (১২) ৯৮ | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| ১৮. | কয়েদি নং-১৩৯২/এ নূর মোহাম্মদ @ কালু @ কালু চোর @কালু ডাকাত<br>পিতা-মমতাজ আলী<br>বয়স-৯০ বছর | দ্রুত বিচার ট্রাইব্যুনাল মামলা নং-১৮/২০০৭, জিআর নং-০৭/২০০৬ | সিরাজগঞ্জ জেলা কারাগার |
| ১৯. | কয়েদি নং-৫৮৬/এ মোঃ নান্টু<br>পিতা-শাহাদৎ<br>বয়স-৪৭ বছর | দায়রা মামলা নং-৮৩/০৩ জিআর নং-২৯৩/০১ | সিরাজগঞ্জ জেলা কারাগার |
| ২০. | কয়েদি নং-৭৭৯৮/এ মোঃ সেলিম মাহমুদ হেলাল<br>পিতা-মোতালেব<br>বয়স-৩৯ বছর | দায়রা মামলা নং-১৫/২০০৪, শ্রীবর্দী থানার মামলা নং-১৩(৩)০৩, জিআর নং-১৭৫/০৩ | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| ২১. | কয়েদি নং-৯৯২৯/এ মোঃ সাইফুল ইসলাম<br>পিতা-মৃত মোহাম্মদ আলী @ পছা<br>বয়স-৫৩ বছর | দায়রা মামলা নং-৪৬৬/০৩, গফরগাঁও থানার মামলা নং-২০(৪)০৩, জিআর নং-১৫৫(২)০৩ | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| ২২. | কয়েদি নং-২১০০/এ তারা মিয়া<br>পিতা-জুনাব আলী<br>বয়স-৫৪ বছর | মহামান্য হাইকোর্ট বিভাগ, ঢাকার ক্রিমিনাল আপীল নং-৪৬৮১/০৪, দায়রা মামলা নং-৮৬/২০০১, শেরপুর থানার মামলা নং-১৪, তারিখ :১১-০৭-৯৮, জিআর নং-৪২৩/৯৮ | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| ২৩. | কয়েদি নং-৩১৬/এ লুলু মোল্লা<br>পিতা-মৃত জমির মোল্লা<br>বয়স-৪৮ বছর | সেসন কেস নং-৭৫/০২, জিআর নং-২৭৬/০২ | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| ২৪. | কয়েদি নং-৮১৬২/এ (কুমিল্লা) আয়েশা আক্তার<br>পিতা-নুরুল আলম<br>বয়স-৫০ বছর | দায়রা-২২৪০/০১ মিরপুর থানার মামলা নং-৯(৪)২০০০ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ২৫. | কয়েদি নং-৬৫২৪/এ নারগিছ আক্তার<br>স্বামী-বাবুল মিয়া, পিতা-আঃ হাই<br>বয়স-৪৩ বছর | দায়রা-১৩৭/০৫ জিআর-২৬৪/০৩ লাকসাম থানার মামলা নং-২১ তারিখ: ১৫-১১-০৩ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ২৬. | কয়েদি নং-২৬৮১/এ (৯৩৮০/এ) জহিরুল ইসলাম<br>পিতা-রুহুল আমিন<br>বয়স-৪৬ বছর | দায়রা মামলা নং-১২৯/২০০০, বরুড়া থানার মামলা নং-১৩, তারিখ: ২৫-০৮-১৯৯৮, জিআর-৯০/৯৮ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ২৭. | কয়েদি নং-৬১০৩/এ মোঃ মানিক মিয়া<br>পিতা-আহম্মদ আলী<br>বয়স-৪৫ বছর | দ্রুতবিচার ট্রাই-২০/০৪ জিআর-৪২৯/০৩, ব্রাহ্মণবাড়িয়া সদর থানার মামলা নং-৪৩(৭)০৩ | ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগার |
| ২৮. | কয়েদি নং-৩৬১২/এ আলমগীর<br>পিতা-মোচন বেপারী<br>বয়স-৫০ বছর | দ্রুত বিচার ট্রাইব্যুনাল মামলা নং-২৮/০৩ কোতয়ালী থানার মামলা নং-০৬(৭)০১ | ফরিদপুর জেলা কারাগার |
| ২৯. | কয়েদি নং-৭০৮৮/এ মো: আশরাফ আলী<br>পিতা-মৃত কছিমউদ্দিন<br>বয়স-৫৮ বছর | দায়রা মামলা নং-১৪৬/০৫ | জয়পুরহাট জেলা কারাগার |

| ক্র. নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|---|
| ৩০. | কয়েদি নং-৫৭৭৮/এ ওবায়দুল ইসলাম মন্ডল @ লাবানু<br>পিতা-মৃত চিয়ারু মন্ডল<br>বয়স-৫৭ বছর | দায়রা মামলা নং-১১/০৩, জয়পুরহাট থানার মামলা নং-০৪, তারিখ: ০২-০৯-২০০২, জিআর নং-৩১৬/০২ | জয়পুরহাট জেলা কারাগার |
| ৩১. | কয়েদি নং-৭৪৮৩/এ ইসলাম<br>পিতা-মৃত আছর উদ্দিন @ আছির<br>বয়স-৫৯ বছর | (১) আলমডাঙ্গা থানার মামলা নং-১৩ তাং-২৯-০৯-৯৭ সেসন-৬৭/৯৮ | চুয়াডাঙ্গা জেলা কারাগার |
| ৩২. | কয়েদি নং-৬০০৮/এ হোসেন আলী মোড়ল<br>পিতা-মৃত নওয়াব আলী মোড়ল<br>বয়স-৫৮ বছর | দায়রা মামলা নং-১০০/২০০৪ ডুমুরিয়া থানার মামলা নং-১, তারিখ: ১-৮-২৩, জিআর-১০৮/২৩ | খুলনা জেলা কারাগার |
| ৩৩. | কয়েদি নং-৬০৭২/এ মহিউদ্দিন<br>পিতা-আলাউদ্দিন<br>বয়স-৪৫ বছর | দায়রা ৫৭/০৩, গজারিয়া থানার মামলা ৪(৩)০৩ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর |
| ৩৪. | কয়েদি নং-৫৬৯৩/এ মোঃ জাকির হোসেন<br>পিতা-মৃত রজব আলী<br>বয়স-৪২ বছর | মেট্রো দায়রা-৯০২/২০০০ মতিঝিল থানার মামলা নং-১০০ (৩) ১৯৯৯ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর |
| ৩৫. | কয়েদি নং-৫৬১২/এ মোবারক হোসেন<br>পিতা-মৃত রমজান ড্রাইভার<br>বয়স-৫৪ বছর | দ্রুত বিচার ট্রাইব্যুনাল মামলা নং ০৬/২০০৫, শ্যামপুর থানার মামলা নং ২৫(০৮)২০০১ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর |
| ৩৬. | কয়েদি নং-১৩৫২/এ মোঃ মঞ্জু<br>পিতা-মগলু<br>বয়স-৪০ বছর | দায়রা মামলা নং ৯৯/০১ জিআর মামলা নং ১৫২/৯৯ (সারিয়াকান্দি) | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১, গাজীপুর |
| ৩৭. | কয়েদি নং-৯২৩৬/এ মোঃ রিপন<br>পিতা-ইসমাইল<br>বয়স-৫০ বছর | দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-০৪/২০০৩, ডেমরা থানার মামলা নং-৭৮(০৮)২০০২ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৩৮. | কয়েদি নং১১৫২/এ মোসলেম হোসেন<br>পিতা-মৃত তাহির উদ্দিন<br>বয়স-৪৯ বছর | দায়রা মামলা নং-৩৫/২০০২, জিআর নং ১১০/৯৯, নওগাঁ থানার মামলা নং-২১, তাং-২৯-০৪-৯৯ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৩৯. | কয়েদি নং-৯৬০১/এ শ্রী বাসু দেব পাহান<br>পিতা-ভবানী পাহান<br>বয়স-৫২ বছর | দায়রা মামলা নং-১০৬/০৩, জিআর ১৯/০৩, পত্নীতলা থানার মামলা নং-০৪ তাং-০৬-০৩-০৩ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪০. | কয়েদি নং-৮৫৪৪/এ নাসির উদ্দিন<br>পিতা-আমিরুল ইসলাম টুনু<br>বয়স-৪১ বছর | দায়রা মামলা নং-১৩৬/২০০২ জিআর-১৯০/২০০২, বাঘা থানার মামলা নং-১৬, তাং-১৬-০৩-২০০২ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪১. | কয়েদি নং-৪১৩/এ মোঃ দুলাল<br>পিতা-ইয়াকুব আলী<br>বয়স-৪৯ বছর | দায়রা মামলা নং-৪/২০০০, জিআর ১৩১/৯৯, বদলগাছি থানার মামলা নং-০১, তাং-০১-০৭-৯৯ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪২. | কয়েদি নং-১৭০৫/এ মোঃ শহিদুল ইসলাম<br>পিতা-মোজাম উদ্দিন<br>বয়স-৪১ বছর | দায়রা মামলা নং-৪৭৭/২০০২, জিআর নং-৩৭/২০০০, শিবগঞ্জ থানার মামলা নং-১৫(২)২০০০ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪৩. | কয়েদি নং-৯১২৬/এ জামাত আলী<br>পিতা-মোকসেদ আলী<br>বয়স-৫৪ বছর | দায়রা মামলা নং-৩৯/২০০৩, জি আর নং-৬১৬/২০০১, বাঘা থানার মামলা নং-১৩, তাং ১৯-১০-০১ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪৪. | কয়েদি নং-২৪৮৭/এ মোঃ আকতার হোসেন<br>পিতা-মোঃ জহির মন্ডল<br>বয়স-৫৬ বছর | দায়রা মামলা নং-৫১/২০০২, জি আর নং-২১২/২০০০, মোহনপুর থানার মামলা নং-১৩, তারিখ: ২৭-০৫-২০০০ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |

| ক্র. নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম ও বয়স | মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|---|
| ৪৫. | কয়েদি নং-৩৭০০/এ মোঃ আকবর আলী<br>পিতা-ইউনুছ আলী @ ইয়ানুছ আলী মন্ডল<br>বয়স-৪৮ বছর | দায়রা মামলা নং-৪৫/২০০৪, জি.আর নং-৬০০/২০০২, পবা থানার মামলা নং-১৯, তাং-১৬-০৭-২০০২ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪৬. | কয়েদি নং-৮১২২/এ মোঃ জহুরুল<br>পিতা-মৃত কছিম উদ্দিন<br>বয়স-৫০ বছর | দ্রুত বিচার ট্রাইব্যুনাল মামলা নং-১৩/০৩, এম.জি আর নং-৯২১/০১ বোয়ালিয়া থানার মামলা নং-৪৭, তাং-২৭-০৮-২০০১ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪৭. | কয়েদি নং-২৪২০/এ বেলাল হোসেন<br>পিতা-রাহাত আলী<br>বয়স-৪৭ বছর | নারী ও শিশু মামলা নং-৬৯/২০০০ ৩৯০/২০০৪, জি আর নং-৫২৯/৯৯ বাঘা থানার মামলা নং-২৮, তাং-২৫-০৮-১৯৯৯ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪৮. | কয়েদি নং-৭৩২২/এ মোঃ আলী হোসেন @ মাসুদ আলম<br>পিতা-মোঃ সমজান আলী<br>বয়স-৪৭ বছর | সেশন মামলা নং-১২২/২০০১ নাটোর থানার মামলা নং-০৩, তারিখ: ০২-০১-২০০১, জি আর-০৩/০১ (নাটোর) | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৪৯. | কয়েদি নং-১৪৭৭/এ মোঃ আনু @ অনু<br>পিতা-এসলাম উদ্দিন<br>বয়স-৫১ বছর | দায়রা মামলা নং-১৬/৯১, জি আর-৪৯/৮৯, নবাবগঞ্জ থানার মামলা নং-০৫, তারিখ : ১২-০৫-১৯৮৯ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৫০. | কয়েদি নং-৯৬২২/এ মোঃ আবু তালেব<br>পিতা-মৃত আব্দুল্লাহ<br>বয়স-৫৫ বছর | সেশন মামলা নং-৬২/২০০০ সাপাহার থানার মামলা নং-০১, তারিখ: ০৪-০৩-২০০০, জি আর-৮৬/২০০০ | নারায়ণগঞ্জ জেলা কারাগার |
| ৫১. | কয়েদি নং-৬০২০/এ মোঃ শামসুল হুদা<br>পিতা-ইদ্রিছ আলী দরবেশ<br>বয়স-৭৪ বছর | নারী ও শিশু মামলা-২৪০/০০ (পুরাতন), নারী ও শিশু মামলা নং-০৮/২০০৪(নতুন), জিআর-৩৫৯/৯৯ | রংপুর কেন্দ্রীয় কারাগার |
| ৫২. | কয়েদি নং-৪৪৩৮/এ মোছাঃ মনোয়ারা খাতুন<br>পিতা-মোঃ মকিম উদ্দিন ব্যাপারী<br>বয়স-৪০ বছর | দায়রা মামলা নং-৩/০৪, নাগেশ্বরী থানার মামলা নং-১৬, তাং-১৭-০৮-০৩, জিআর-১৪৭/০৩ | কুড়িগ্রাম জেলা কারাগার |
| ৫৩. | কয়েদি নং-৮৯৪৭/এ আজগর আলী<br>পিতা-মৃত দুধু মিয়া<br>বয়স-৫৫ বছর | এস, টি-৮৯/৯৪, জিআর-৬০/৯১ মহেশখালী ০৮(৮)৯১ | কক্সবাজার জেলা কারাগার |
| ৫৪. | কয়েদি নং-১৫১০/এ দীপক চক্রবর্তী<br>পিতা-মিনাল চক্রবর্তী<br>বয়স-৫৮ বছর | দায়রা মামলা নং-১১১/০২ সাতকানিয়া-০৩(০২)২০০২, জি.আর-২২/২০০২ | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |
| ৫৫. | কয়েদি নং-৯৫৪৯/এ কাজী নেয়ামুল করিম নোমান<br>পিতা-মৃত কাজী করিমুল হক<br>বয়স-৫১ বছর | দায়রা মামলা নং-৩৫১/০৪ বাকলিয়া-০৫(০৭)২০০৩ জি.আর-৪২৪/০৩ | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |
| ৫৬. | কয়েদি নং-২০৯৩/এ মোঃ এয়াকুব @ বাটাইয়া<br>বয়স-৫১ বছর | নারী ও শিশু-৬৭/০৩, ফটিকছড়ি ২২(৯)১৯৯৯ জি.আর-১২২/৯৯ | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |

০২। জরিমানার অর্থ আদায়পূর্বক মুক্তির বিষয়টি কার্যকর করতে হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাফিজ-আল-আসাদ**
উপসচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬০৮**—যেহেতু, জনাব মানস কুমার পোদ্দার পিপিএম (বার) (বিপি-৭৯০৬১১২৩৭৩), সাবেক উপপুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা ও রেঞ্জ ডিআইজির কার্যালয়, বরিশালে সংযুক্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৮-১০-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মানস কুমার পোদ্দার পিপিএম (বার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১৮-১০-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন অধিশাখা-৫**

**অফিস আদেশাবলি**

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০৩৭.০১৮.২৭.০০০৩.২৫-২৩৯**—যেহেতু, জনাব মুহাম্মদ সারওয়ার জাহান গাজীপুর গণপূর্ত বিভাগে নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত অবস্থায় গাজীপুর গণপূর্ত বিভাগের অধীন কাশিমপুর কারাগার-২ এর HT Cable Fault Locator মেশিন সরবরাহের অনুকূলে ১০ লক্ষ টাকার পে-অর্ডার ঠিকাদারের নিকট থেকে জামানত হিসেবে গ্রহণ করেন। উক্ত পে-অর্ডার ক্যাশ করার কারণে ইউনিভার্সেল ইঞ্জিনিয়ারিং, চট্টগ্রাম এর সত্ত্বাধিকারী জনাব মোঃ আবুল হাশেম অভিযোগ করলে সে অভিযোগের পরিপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তর থেকে ০৫-১০-২০২৩ তারিখের ২৫.৩৬.০০০০.২২০.২৭.৮০৩.২৩-৩১৭ নম্বর স্মারকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি তদন্তপূর্বক কাশিমপুর কারাগার-২ এর HT Cable Fault Locator মেশিন সরবরাহের অনুকূলে জামানত বাবদ ঠিকাদার কর্তৃক জমাকৃত ১০ (দশ) লক্ষ টাকার পে-অর্ডারটি তিনি অবৈধভাবে ক্যাশ করার বিষয়টির সত্যতা রয়েছে মর্মে মতামত প্রদান করে। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে জনাব মুহাম্মদ সারওয়ার জাহান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০২/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়।

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৭-০৩-২০২৫ তারিখ লিখিত জবাব প্রদান করেন এবং ২২-০৫-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, উভয় পক্ষের শুনানি এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত কর্মকর্তার চাকুরি জীবনের প্রথম অপরাধ বিবেচনায় ক্ষমা প্রার্থনা করেন এবং সর্তকতার সাথে দায়িত্ব পালন করবেন মর্মে অঙ্গীকার করেন;

০৪। সেহেতু, জনাব মুহাম্মদ সারওয়ার জাহান, সাবেক নির্বাহী প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত বিভাগ বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় ভবিষ্যতে সতর্কতার সাথে বিধি বিধানের আলোকে কাজ করার নির্দেশনাসহ ০২/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৮.২৪-২৪০**—যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল কাইয়ুম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম), গণপূর্ত এম. আই. এস সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে গত ২৪-০৩-২০২৩ তারিখ তার স্ত্রী বেগম লুৎফুন নেছা বর্তমান থাকা অবস্থায় তার স্ত্রীর অনুমতি না নিয়ে পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে দেশের প্রচলিত আইন লঙ্ঘন করেন। তার স্ত্রীর অনুমতি ব্যতীত পুনরায় বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ায় তার বিরুদ্ধে তার স্ত্রী বেগম লুৎফুন নেছা লিখিতভাবে অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২৭-০২-২০২৫ তারিখ কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং ১৫-০৫-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, উভয় পক্ষের শুনানি ও বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ রাষ্ট্রপক্ষ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়নি;

০৪। সেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল কাইয়ুম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ই/এম), গণপূর্ত এম. আই. এস সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ আষাঢ়, ১৪৩২/২২ জুন, ২০২৫

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০১০.২৪-৬২**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ ও ৩২৪ (২) এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে 'Lafarge Holcim Bangladesh Limited' প্রতিষ্ঠানকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা, ১০০ (দৈনিক কর্মঘণ্টা), ১০২ (২) (সাপ্তাহিক কর্মঘণ্টা) ১১৪(১) (দোকান, ইত্যাদি বন্ধ) এর বিধানসমূহের প্রয়োগ মেনে চলা হতে ০১ জুন ২০২৫ হতে ৩০ নভেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের অব্যাহতি প্রদান করিল।

শর্তাবলি:

১। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

২। বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন/কেন্দ্রীয় তহবিলে নির্দিষ্ট হারে অর্থ প্রদান করতে হবে;

৩। কোন শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাবে না;

৪। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুন হারে মজুরি প্রদান করতে হবে;

৫। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করতে হবে;

৬। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাবে; এবং

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মেনে কাজ করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

---

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**শোক প্রস্তাব**

তারিখ : ১০ আষাঢ় ১৪৩২/২৪ জুন ২০২৫

**নং ১১.০০.০০০০.৮০৩.৪৫.০৩১.১৩-২৪৫**—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সিস্টেম এনালিষ্ট নুসরাত শারমিন মৌরি জাতীয় সংসদ সচিবের সম্মেলন কক্ষে দাপ্তরিক সভা চলাকালীন সময়ে হৃদরোগে আক্রান্ত হয়ে মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়লে তাৎক্ষণিক স্কয়ার হাসপাতালে নেয়া হয়। উক্ত হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ০৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ রোজ বৃহস্পতিবার সন্ধ্যা ৭.০০ ঘটিকায় তিনি মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট নুসরাত শারমিন মৌরি একজন সৎ, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী ও ০৩ (তিন) সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

০৩। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় মরহুমা নুসরাত শারমিন মৌরি-এর অকালমৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

**মোঃ কামাল উদ্দিন বিশ্বাস**
অতিরিক্ত সচিব
(সচিবের দায়িত্বে)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৬ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৭**—যেহেতু, জনাব ইফতেখায়রুল ইসলাম, বিপিএম, পিপিএম (বিপি-৮৩১৩১৫৯৪৩৪), অতিরিক্ত পুলিশ সুপার, ১৬ এপিবিএন, কক্সবাজার কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৬-০২-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব ইফতেখায়রুল ইসলাম, বিপিএম, পিপিএম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ১৬-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৮—যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান, বিপি-৮০০৭১১৫৮৭১, টেলিকম অফিসার (এএসপি). পুলিশ টেলিকম সংস্থা, পুলিশ টেলিকম ভবন, রাজারবাগ, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৩-০৯-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে।

সেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ১৩-০৯-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৫৯৯—যেহেতু, জনাব মোঃ শাহজাহান, পিপিএম (বার), বিপি-৭৬০৬১২৫৯৮৩, সাবেক পুলিশ সুপার, রংপুর জেলা ও বর্তমানে রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রামে সংযুক্ত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৬-০১-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ শাহজাহান, পিপিএম (বার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপ-বিধি (১) অনুযায়ী গত ১৬-০১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরি বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩২/২৩ জুন ২০২৫

নং **৪০.০০.০০০০.০১৬.৩৯.০০২.১৬-৬২**—এস. আর. ও. নং ১৯৩-আইন/২০১৬, তারিখ: ০২ জুন ২০১৬ মোতাবেক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১৩৮ উপ-ধারা (৪) এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব শফর আলী, সভাপতি, শিপ ব্রেকিং ইয়ার্ড শ্রমিক-কর্মচারী ফেডারেশন, (রেজি নং চট্টঃ ২৫), শাহ নিকেতন, ৬১৩, সিডিএ এভিনিউ, দামপাড়া, চট্টগ্রাম-কে 'জাহাজ ভাঙ্গা' শিল্প সেক্টরে শ্রমিকগণের প্রতিনিধি হিসেবে নিম্নতম মজুরি বোর্ড অতঃপর উক্ত বোর্ড বলিয়া উল্লিখিত, এর সদস্য নিয়োগ করা হয়; এবং

বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ উক্ত বিধিতে উল্লিখিত, এর ১২৩(১) বিধান এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার 'জাহাজ ভাঙ্গা' শিল্প সেক্টরে উক্ত বোর্ডের শ্রমিকগণের প্রতিনিধি জনাব শফর আলী এর আসন এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**ভূমি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩২/০৮ জুলাই ২০২৫

নং **৫৪.০০.০০০০.০০৯.০২২.০৪৩.১২(অংশ-১)-১৫৫**—বাংলাদেশ রেলওয়ের ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করার স্বার্থে নতুন নীতিমালা/বিধি প্রণীত না হওয়া পর্যন্ত 'বাংলাদেশ রেলওয়ে ভূ-সম্পত্তি ব্যবস্থাপনা নীতিমালা, ২০২০' এর ৫২, ৫৩ ও ৫৪ নং অনুচ্ছেদ সংশোধনপূর্বক নিম্নরূপ লীজ/লাইসেন্স ফি নির্ধারণ করা হলো:

**৫২। বাণিজ্যিক লাইসেন্স ফি'র হার:**

| রেলভূমির শ্রেণি | বাণিজ্যিক/প্রতি বর্গফুট/প্রতি বছর/টাকা (এককালীন আদায়যোগ্য হবে) | | রেলভূমির অবস্থান |
|---|---|---|---|
| | খোলা | আচ্ছাদিত | |
| (ক) | ৩০০.০০ | ৪০০.০০ | ঢাকা (কমলাপুর, শাহজাহানপুর, ফুলবাড়িয়া, গুলিস্তান, গোপিবাগ, স্বামীবাগ, বাসাবো রেলগেইট), বিমানবন্দর, নারায়ণগঞ্জ ( ১ নং ও ২ নং রেলগেইট, ৫ নং ঘাট, জিমখানা), চট্টগ্রাম (স্টেশনরোড), পাহাড়তলী স্টেশন রোড, মাদারবাড়ী, আগ্রাবাদ। |
| (খ) | ২৫০.০০ | ৩৫০.০০ | গেন্ডারিয়া, বনানী, ক্যান্টনমেন্ট, ঢাকা (মালিবাগ, তেজগাঁও, কাওরান বাজার), সিলেট সিটি কর্পোরেশন এলাকা, টাইগারপাস, পুলিশ বিট মোড়, পাঞ্জাবী লেইন (কালীবাড়ী), ওয়ার্লেস মার্কেট, পোর্টমার্কেট, আমবাগান, ঝাউতলা, হালিশহর, আইস ফ্যাক্টরী রোড, এসআরভি স্টেশন (বাংলাবাজার ও বারিক বিল্ডিং এলাকাসহ), ষোলশহর স্টেশন, ষোলশহর ১ নং ও ২ নং রেলগেইট এলাকা, কক্সবাজার রেলস্টেশন এলাকা। |
| (গ) | ২০০.০০ | ২৫০.০০ | জুরাইন রেলগেইট, পোস্তগোলা, সিলেট সিটি কর্পোরেশনের বাহিরে, ময়মনসিংহ, চাষাড়া, ফতুল্লা, শ্যামপুর বরইতলা, ভৈরব, কিশোরগঞ্জ, নরসিংদী, আদমজী সাইডিং, সিমেন্ট ক্রসিং, সল্টগোলা রেলক্রসিং, সিইপিজেড এলাকা, ঝাউতলা আবহাওয়া অফিস সংলগ্ন, পলোগ্রাউন্ড টিএ ব্রাঞ্চ, চট্টগ্রাম রেলওয়ে হাসপাতাল কলোনী, নিউ নেভী সেইলর্স কলোনী, এনায়েত বাজার বাটালী রোড, জানালীহাট স্টেশন, আমিন জুট মিলস, চৌমুহনী, চাঁদপুরকোর্ট, সৈয়দপুর পৌরসভা, খুলনা, রাজশাহী মহানগরী এবং চট্টগ্রাম মহানগরীর অন্যান্য স্থান। |

| রেলভূমির শ্রেণি | বাণিজ্যিক/প্রতি বর্গফুট/প্রতি বছর/টাকা (এককালীন আদায়যোগ্য হবে) | | রেলভূমির অবস্থান |
|---|---|---|---|
| | খোলা | আচ্ছাদিত | |
| (ঘ) | ১০০.০০ | ২০০.০০ | আশুগঞ্জ, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া, জামালপুর, শ্রীমঙ্গল, কুলাউড়া, ইসলামপুর, টঙ্গি, জয়দেপুর, মোহনগঞ্জ, গৌরিপুর, চট্টগ্রাম সিডিএ ১নং রোড, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট স্টেশন, চৌধুরীহাট স্টেশন, কালুরঘাট ব্রীজের পশ্চিম পাড়, ফতেয়াবাদ, দৌলতগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা, লাকসাম, ফেনী, নোয়াখালী, নাঙ্গলকোট। |
| (ঙ) | ৮০.০০ | ১২০.০০ | দেওয়ানগঞ্জ, সরিষাবাড়ি, কাওরাইদ, শ্রীপুর, ঘোড়াশাল, মাধবদী, কেরানীগঞ্জ, মাওয়া, বড়লেখা, শায়েস্তাগঞ্জ, ভাটিয়ারি, কালুরঘাট ব্রীজের পূর্ব পাড়, নাথের পেটুয়া, বিপুলাসার, সোনাইমুড়ী, চিতোষীরোড, শাহাতলী বাজার, শশীদল, কসবা, ফাজিলপুর, চিনকি আস্তানা, হাসানপুর, খুলনা জংশন (জোড়াগেট হতে দৌলতপুর কলেজ), দৌলতপুর, যশোহর, যশোহর ক্যান্টনমেন্ট, ঈশ্বরদী, নাটোর, সান্তাহার, পার্বতীপুর, দিনাজপুর, টাঙ্গাইল, মির্জাপুর, রাজবাড়ী, নড়াইল, পাবনা, রাজাপুর, কাশিনাথপুর, ভাঙ্গা জংশন, গোবরা, ভেড়ামারা, ভাঙ্গুড়া, তালোড়া, বোনারপাড়া, রংপুর, বগুড়া, চুয়াডাঙ্গা, জয়পুরহাট, নওয়াপাড়া, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, গোয়ালন্দ বাজার, ফরিদপুর, রুপসা ইষ্ট, কুষ্টিয়া কোর্ট, সিরাজগঞ্জ বাজার, কোর্ট চাঁন্দপুর, পোড়াদহ, তিলকপুর, ভাঙ্গা, মৌচাক, গাইবান্ধা ও পুরাতন কুড়িগ্রাম এলাকার রেলভূমি। |
| (চ) | ৫০.০০ | ১০০.০০ | মোল্লারচর, কুড়িপাড়া, মদনগঞ্জ, বন্দর, নবীগঞ্জ, আড়াইহাজার, নয়াপুর, আড়িখোলা, মেথিকান্দা, পূবাইল, নান্দিনা, মেলান্দহ বাজার, সরারচর, শ্যামগঞ্জ, পূর্বধলা, শমশেরনগর, মাইজগাঁও, জুড়ি, ফেঞ্চুগঞ্জ, আফজলাবাদ, ভাটেরাবাজার, ভানুগাছ, সাতগাঁও, কেওয়াটখালী, মনতলা, হরষপুর, আজমপুর, তালশহর, হাটুভাঙ্গা, দৌলতকান্দি, খানাবাড়ি, আমিরগঞ্জ, ঘোড়াশাল ফ্লাগ, শিবচর, পদ্মা, কৈবল্যধাম, ফৌজদারহাট, বাড়বকুন্ড, সীতাকুন্ড, মীরসরাই, বড়তাকিয়া, নিজামপুর, বারৈয়াঢালা, পটিয়া, হাটহাজারী, নাজিরহাট, দোহাজারী, নাজিরহাট ঘাট স্টেশন, সাতকানিয়া, লোহাগাড়া, হারবাং, চকরিয়া, ডুলাহাজারা, ইসলামাবাদ, রামু, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্টেশন, গোমদন্ডী, বেঙ্গুরা, ধলঘাট, খানমোহনা, চক্রশালা, খরনা, খানহাট, কাঞ্চননগর, হাশিমপুর, চারিয়া, সরকারহাট, কাটিরহাট, খিলা, বজরা, মাইজদী, মাইজদীকোর্ট, হরিণারায়নপুর, শাহরাস্তি, মেহের, ওয়াব্রুক, মধুরোড, হাজীগঞ্জ, বলাখাল, মৈশাদী, গঙ্গাসাগর, ইমামবাড়ি, মন্দবাগ, সালদানদী, রাজাপুর, সদর রসুলপুর, ময়নামতি, লালমাই, আলীশ্বর, নাওটি, শর্শদী, গুণবতী, ফুলগাজী, আনন্দপুর, মুহরীগঞ্জ, পরশুরাম, বিলোনিয়া, কালিদহ, মস্তাননগর, মুন্সিরহাট, ধুমঘাট। |
| (ছ) | ৪০.০০ | ৮০.০০ | মোবারকগঞ্জ, আলমডাঙ্গা, আব্দুলপুর, নলডাঙ্গারহাট, আক্কেলপুর, জামালগঞ্জ, পাঁচবিবি, ফুলবাড়ী, নীলফামারী, ডোমার, আড়ানী, আমনুরা, নাচোল, রহনপুর, মুলাডুলি, পাংশা, ভাটিয়াপাড়া, বাগেরহাট কলেজ, উল্লাপাড়া, চাটমোহর, বড়ালব্রীজ, জামতৈল, মধুখালী, কালুখালী, সিরাজগঞ্জ, রায়পুর, সিরাজগঞ্জ ঘাট, গোয়ালন্দ ঘাট, অম্বিকাপুর, আহসানগঞ্জ, বাগেরহাট, মোহাম্মদনগর, নগরকান্দা, মুকসুদপুর, মহেশ্বরপুর কাশিয়ানী, লোহাগড়া, জামদিয়া, পদ্মবিলা, রূপদিয়া, সিঙ্গিয়া, মাঝগ্রাম, দাশুরিয়া, টেবুনিয়া, রাঘবপুর, দুবলিয়া, তাঁতীবান্ধা, বাঁধেরহাট, ঢালারচর, চাপতা, ছোটবাহিরবাগ, চন্দ্রদিঘলিয়া, বোড়াশী, আড়ংঘাটা, কাটাখালি, চুলকাঠি, ভাংগা, দিগরাজ, মংলা, কাউনিয়া, আদিতমারী, পাটগ্রাম, উলিপুর, নতুন কুড়িগ্রাম, কাহালু, আদমদিঘী, তিস্তামুখঘাট, গাবতলী, সোনাতলা, পীরগাছা, সেতাবগঞ্জ, শিবগঞ্জ, ঠাকুরগাঁও রোড, পঞ্চগড় ও লালমনিরহাট স্টেশন এলাকার রেলভূমি। |
| (জ) | ৩০.০০ | ৭০.০০ | (ক) হতে (ছ) পর্যন্ত বর্ণিত স্থানসমূহ ব্যতীত অবশিষ্ট এলাকার রেলভূমি। |

**৫৩। কৃষি, মৎস্য ও নার্সারির একর প্রতি বাৎসরিক লাইসেন্স ফি'র হারঃ**

কৃষি জমি একর প্রতি ১২,০০০ টাকা, জলাশয় (সারা বছর পানি থাকে) ৪০,০০০ টাকা, জলাশয় (শুষ্ক মৌসুমে পানি থাকে না) ২০,০০০ টাকা এবং নার্সারি ১,৩০,০০০ টাকা (মহানগর এলাকার জন্য), ৫০,০০০ টাকা (মহানগর এলাকা ব্যতীত)। উল্লিখিত ভূমি নিলামের মাধ্যমে ইজারা প্রদান করতে হবে। তবে ইজারা মূল্য পূর্ব ইজারার সর্বশেষ বছরের ইজারা মূল্য হতে কম হবে না।

**৫৪। মোবাইল সেবা প্রদানকারী তথা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য রেলভূমি ব্যবহারের ক্ষেত্রে বাৎসরিক লাইসেন্স ফি'র হারঃ**

(ক) বিভাগীয় শহর এলাকায় বার্ষিক ভিত্তিতে প্রতি বর্গফুট ৭০০.০০ টাকা।

(খ) বিভাগীয় শহর ব্যতীত জেলা ও অন্যান্য শহরে বার্ষিক ভিত্তিতে প্রতি বর্গফুট ৬০০.০০ টাকা।

(গ) বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন অংশের জন্য উপরোক্ত হার প্রযোজ্য হবে। সংযোগ সড়ক (Approach Road/Connecting part) যা বাংলাদেশ রেলওয়ের মালিকানা বহির্ভূত তার জন্য কোনো ফি ধার্য করা যাবে না। রেলভূমি ব্যবহৃত জমির ক্ষেত্রফল নির্ধারণ এর ক্ষেত্রে প্রকৃত ব্যবহৃত জমির অংশের প্রস্থ অথবা ৩ ফুট এর মধ্যে যেটি বেশি তা ধরে ক্ষেত্রফল নির্ণয় করতে হবে। সেক্ষেত্রে উপরিস্থিত ভূমি অন্য যে কোনো সংস্থাকে ইজারা প্রদান করা যাবে। রেলভূমি ব্যবহারের ক্ষেত্রে অপটিক্যাল ফাইবার কেবল স্থাপনের ক্ষেত্রে তা ভূমির ন্যূনতম ৩ ফুট গভীরতায় স্থাপন করতে হবে।

(ঘ) মোবাইল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের জন্য অপটিক্যাল ফাইবার লাইন বা অন্য কোনো রূপ সংযোগ লাইন/ক্যাবল রেললাইন অতিক্রম করার ক্ষেত্রে অনুমতি প্রদান সংক্রান্ত সকল প্রস্তাবে সরকারের অনুমোদন গ্রহণ করতে হবে।

(ঙ) মোবাইল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের লীজ/লাইসেন্সকৃত রেলভূমির ক্ষেত্রে একসনা ভিত্তিক নবায়নযোগ্য লাইসেন্স ব্যতীত দীর্ঘমেয়াদী চুক্তি সম্পাদনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ ০১ জুলাই, ২০২৫ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাসুদ আলম**
সহকারী সচিব।